

নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০ এর পারফর্মেন্স আর্টে শ্রেষ্ঠ পুরস্কার অর্জন



২২ তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী ২০২০ এর পারফর্মেন্স আর্টে শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেন নাট্যকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চতুর্থ আবর্তনের শিক্ষার্থী শিল্পী নাঈম হোসেন ও তার দল। এই উপলক্ষে ৩ ডিসেম্বর ২০২০-বৃহস্পতিবার উপাচার্যের কার্যালয়ে শ্রেষ্ঠ পুরস্কার অর্জনকারী শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা এবং অভিনন্দন জানান উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং প্রক্টর ড. মোস্তফা কামাল।

এসময় নাট্যকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান জনাব শামস্ শাহরিয়ার কবি সহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে তরুণ শিল্পীদের বহুমাত্রিক শিল্পকর্ম নিয়ে গত ৩০ নভেম্বর জাতীয় চিত্রশালায় ‘২২ তম নবীন শিল্পী চারুকলা প্রদর্শনী’ অনুষ্ঠান শুরু হয়।